# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ
অফিস ঃ ৯৫১১২৯৩, ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

Phone :
Office : 9511293, 9555133
Fax : 88-02-9564763

স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৯(১ম খন্ড)/ ৮৫ তারিখঃ ২১-০৪-২০১৯ খ্রিঃ

## দপ্তরাদেশ

"মেঘনা নদীর ভাঙ্গন হতে বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলার উলানিয়া-গোবিন্দপুর এলাকা রক্ষা" শীর্ষক প্রকল্পের আওতায় নির্ধারিত ড্রেজিং কাজের প্রয়োজনীয়তা না থাকায় ডিপিপি'র অবশিষ্ট অর্থে আলীগঞ্জ ও তৎসংলগ্ন এলাকায় নদী তীর প্রতিরক্ষা কাজের জন্য প্রয়োজনীয় ভৌত অঙ্গ নিধারণপূর্বক **সংশোধিত ডিপিপি** দাখিলের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন প্রণয়নের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি কারিগরি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-২, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর, বাপাউবো, বরিশাল। | সদস্য |
| ৩। | জনাব এ কে এম এনামুল হক, নির্বাহী প্রকৌশলী, গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ জিয়াউল আমিন, সহকারী প্রধান (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান(পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | নির্বাহী প্রকৌশলী, বরিশাল পওর বিভাগ, বাপাউবো, বরিশাল। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) সংশ্লিষ্ট সকল নদী/খালসমূহ পুনরুদ্ধার ও ব্যবস্থাপনার নিরীখে প্রকল্পটির আওতায় ভাঙ্গন প্রতিরোধে মাঠ পর্যায়ের পরিবর্তিত পরিস্থিতিতে সংশোধিত নকশা অনুযায়ী অতিরিক্ত কাজ গ্রহণ ও ব্যয়ের যৌক্তিকতা নির্ধারণ করতঃ প্রবাহের প্রকৃতি, প্রভাব ও গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শন করবেন;

গ) বর্তমানে প্রস্তাবিত নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নে প্রকল্পের উদ্দেশ্যের সাথে সঙ্গতি রেখে ঝুঁকিপূর্ণ এলাকাসমূহ চিহ্নিত করণ, ডিপিপি'তে উল্লিখিত ড্রেজিং কাজ প্রত্যাহারের কারন যাচাই এবং প্রকল্পের সার্বিক দিক পুনঃ বিবেচনাপূর্বক প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত কাজ গ্রহণ ও ব্যয়ের সুপারিশসহ ডিপিপি সংশোধনের যৌক্তিকতা নিরূপণ করবেন;

ঘ) প্রযোজ্য ক্ষেত্রে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর পরিমাণ, ব্যবহার ও ব্যবস্থাপনা ব্যয় নিরূপণ করবেন;

ঙ) প্রস্তাবিত আরডিপিপি'র অঙ্গসমূহ সংযোজন-বিয়োজনের ফলে ইতোপূর্বে প্রস্তুতকৃত ডিপিপিতে কোন অসামঞ্জস্যতা থাকলে তা নিরসনে সুপারিশমালা পেশ করবেন;

চ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ বিস্তারিত তথ্য-উপাত্ত ভিত্তিক প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে বর্তমানে প্রস্তাবিত অংগসমূহের পরিমাণের হ্রাস-বৃদ্ধির যথার্থতা নিরূপণ করে প্রাক্কলন প্রস্তুত/যাচাই করবেন এবং উক্ত নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ছ) প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;

জ) বর্ণিত স্থানসমূহ রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy(Text)** অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

**বিতরণ (জ্ঞাতার্থে ও কাযার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
২। উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর, বাপাউবো, বরিশাল।
৩। জনাব এ কে এম এনামুল হক, নির্বাহী প্রকৌশলী, গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ জিয়াউল আমিন, সহকারী প্রধান (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান(পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, বরিশাল পওর বিভাগ, বাপাউবো, বরিশাল।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১-২। প্রধান পরিকল্পনা/পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
৩-৪। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল/নকশা, বাপাউবো, বরিশাল/ ঢাকা।
৫-৭। পরিচালক/ প্রকল্প পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কার্যক্রম/গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প/বরিশাল পওর সার্কেল, বাপাউবো, ঢাকা/বরিশাল।
৮। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১০-১১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।